বাংলাদেশকৃষি ব্যাংক
Bangladesh Krishi Bank
গণমানুষের ব্যাংক
আঞ্চলিক কার্যালয়, লাকসাম।
এ/৪, হাউজিং এস্টেট, লাকসাম, কুমিল্লা।
যোগাযোগঃ ০২৩৩৪৪০৭৪০৭/৪৬৭
Email:rmlaksam@krishibank.org.bd

**বিষয় ঃ জুলাই, ২০২২ হতে সেপ্টেম্বর, ২০২২ সময়কালের ১ম প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি ঃ জনাব মোহাম্মদ এনামুল হক, আঞ্চলিক কার্যালয়, লাকসাম।।
তারিখ ও সময় ঃ ২৫-০৯-২০২২ খ্রিঃ বিকাল ৩.৩০ ঘটিকা
স্থান ঃ আঞ্চলিক কার্যালয়, লাকসাম।
উপস্থিতি ঃ প্রতিবেদন প্রস্তুতকারী, ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও নৈতিকতা কমিটির সদস্যসহ সভাপতি মহোদয়।

চলতি ২০২২-২০২৩ অর্থ বছরের ১ম প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার প্রারম্ভে, স্বাগত বক্তব্যে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। তিনি গত প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন পর্যালোচনা করেন।

০২। সভায় বিভিন্ন বিষয়ের উপর বিস্তারিত আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহীত হয় ঃ

ক. অত্র কার্যালয়সহ অঞ্চলাধীন সকল শাখার কর্মকর্তা/কর্মচারীদের নির্ধারিত সময়ের পূর্বে অফিসে আগমন ও নির্ধারিত সময়ের পর প্রস্থান করতে হবে । প্রধান কার্যালয়সহ নিয়ন্ত্রনকারী কার্যালয়সমূহ কর্তৃক চাহিত সকল ধরনের প্রতিবেদন যথাসময়ে নির্ভুলভাবে প্রেরণ নিশ্চিত করতে হবে।

খ. করোনা মহামারী রোধকল্পে সরকার ঘোষিত বিভিন্ন প্রণোদনা প্যাকেজের আওতায় ঋনবিতরন কর্মসূচী বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

গ. বাংলাদেশ কৃষি ব্যাংক এর হিসাব ম্যনুয়াল, ঋণ ম্যানুয়াল, পরিপত্র সমূহের যথাযথভাবে প্রয়োগ এবং বাস্তবায়ন করতে হবে । বিকেবি চাকুরী প্রবিধানমালা অনুসরন করতে হবে।

ঘ. গ্রাহকসেবা নিশ্চিতকল্পে আরও দ্রুততা, বুদ্ধিমত্তা প্রদর্শন করতে হবে।

ঙ. ব্যাংকের সকল ধরনের সেবা সমূহ সম্পর্কে গ্রাহকদের অবহিত করতে হবে।

চ. শাখা/কার্যালয়ে বরাদ্দকৃত বাজেটের সদ্ব্যবহার নিশ্চিত করতে হবে। বিদ্যুৎ ও জ্বালানী ব্যবহারে কৃচ্ছতা সাধন করতে হবে।

ছ. ১ম প্রান্তিকের অগ্রগতি প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড করতে হবে।

জ. শাখা/কার্যালয়ের কর্ম-পরিবেশ উন্নয়ন ও স্বাস্থ্যবিধিমালা অনুসরন এবং ব্যক্তিক পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি করতে হবে।

ঝ. ব্যাংকের স্ব-স্ব সেবা প্রদান প্রতিশ্রুতিসমূহ বা সিটিজেন চার্টার শাখা/কার্যালয়ের দৃশ্যমান স্থানে প্রকাশ করতে হবে এবং বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

০৪। সভাপতি মহোদয়, সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/০৯/২২
(মোহাম্মদ এনামুল হক)
আঞ্চলিক ব্যবস্থাপক
ও
সভার সভাপতি